



জনসংযোগ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)
মিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
টেলিফোন: ০২-৮৯০০৩১৭
ই-মেইল: prdreb@gmail.com

নম্বর- ২৭.১২.০০০০.০২১.২৪.১২৩.২৬. ৫২৫

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা (বাংলা ও ইংরেজি)

প্রিয় মহোদয়,

নিম্নের প্রেস বিজ্ঞপ্তিটি হবহ শিরোনামে আপনার বহল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

প্রেস বিজ্ঞপ্তি

“পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা/কর্মচারীগণের সঙ্গে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং প্রতিমন্ত্রীর মত বিনিময় সভা শিরোনামে প্রেস বিজ্ঞপ্তি”

অদ্য ৩০ মার্চ ২০২৬ খ্রি. দুপুর ১২:০০ ঘটিকায় পল্লী বিদ্যুতায়ন বোর্ড (আরইবি)-এর ব্রিগেডিয়ার সবহউদ্দীন আহমেদ অডিটোরিয়ামে এক গুরুত্বপূর্ণ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংস্থার চেয়ারম্যান মেজর জেনারেল এস এম জিয়া-উল-আজিম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় বিদ্যুৎ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত, এমপি এবং বিদ্যুৎ বিভাগের সচিব জনাব ফারজানা মমতাজ।

মত বিনিময় সভার উপস্থাপনায় পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার চলমান কার্যক্রম ও সাফল্য নিয়ে আলোচনা করা হয়। এখানে উল্লেখ করা হয় যে, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান কর্তৃক ১৯৭৭ সালে দেশের নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করতঃ অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে কৃষি বিপ্লবের বিকাশ, কুটির শিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ, শিক্ষা, যোগাযোগ ব্যবস্থা ও জনস্বার্থের উন্নয়নের জন্য গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণের কার্যক্রম পরিচালনার জন্য পল্লী বিদ্যুতায়ন বোর্ড গঠন করা হয়। পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক গ্রামাঞ্চলে বিদ্যুতায়নের ফলে কৃষি উৎপাদন বৃদ্ধি, ক্ষুদ্র শিল্প গড়াসহ নানাবিধ কর্মসংস্থান সৃষ্টি এবং নারীর ক্ষমতায়নের মাধ্যমে দেশের সামগ্রিক উন্নয়ন ত্বরান্বিত হয়। সভায় মাননীয় মন্ত্রী শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আবেগে গড়া পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও পল্লী বিদ্যুৎ সমিতির মধ্যে বর্তমানে যে সমস্যা সৃষ্টি হয়েছে তা সমাধানের জন্য চেয়ারম্যানকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া মাননীয় মন্ত্রী শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আবেগ ও স্বপ্নে গড়া পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বিলুপ্তি কোন অশুভ শক্তির সিদ্ধান্ত বাস্তবায়ন করা হবে না মর্মে মতামত ব্যক্ত করেন। পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের জন্য শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান কর্তৃক গঠিত মূল প্রতিষ্ঠান পল্লী বিদ্যুতায়ন বোর্ডকে কোনক্রমে দুর্বল করা যাবে না। মানসম্মত ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে এ প্রতিষ্ঠানকে আরও শক্তিশালী করা হবে বলে মাননীয় মন্ত্রী আশ্বাস প্রদান করেন।

মাননীয় প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত, এমপি অভিমত ব্যক্ত করেন যে, একটি মহল কর্তৃক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের স্বপ্নের প্রতিষ্ঠান নষ্ট করার প্রচেষ্টা মোটেই কাম্য নয়। আরইবি এবং আরইবির অধীনস্থ পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ সৃষ্টির শুরু থেকে যেভাবে পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের সঙ্গে জড়িত রয়েছে তিক সেভাবেই ভবিষ্যতেও কার্যক্রম পরিচালনা করবে।

বিদ্যুৎ বিভাগের সচিব জনাব ফারজানা মমতাজ ঝড় বৃষ্টির পর প্রান্তিক জনগণের দ্বারপ্রান্তে দ্রুত মানসম্মত বিদ্যুৎ পৌঁছে দেয়ার লক্ষ্যে লাইন ফল্ট দ্রুত নিরসনের জন্য বিদ্যুৎ লাইনে ফল্ট লোকেটর স্থাপনের পাশাপাশি সিস্টেম লস কমানোর লক্ষ্যে বিতরণ লাইনের দৈর্ঘ্য কমানোর পরামর্শ প্রদান করেন। সেই সাথে জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে ডিজেল চালিত পাম্পের পরিবর্তে সোলার পাম্প স্থাপনের জন্যও পরামর্শ প্রদান করেন। এছাড়া, গ্রাহক সেবার গুণগত মানবৃদ্ধি এবং নির্ভরযোগ্য বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে যুগোপযোগী আধুনিক ও টেকসই বিদ্যুৎ বিতরণের লক্ষ্যে প্রকল্প অনুমোদনের প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

পরিশেষে, মাননীয় মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ, এমপি শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের স্বপ্নের ও আবেগে গড়া পল্লী বিদ্যুতায়ন বোর্ডে বার বার আসার অভিপ্রায় ব্যক্ত করেন।

ক্যাপশন: ছবি - ২টি।

Pain
30.03.26
(তছনিমা পারভীন)
পরিচালক (প্রশাসন)

সদয় অবগতির জন্য অনুলিপি:

০১। সকল অফিস প্রধান, বাপবিবো;

০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বাপবিবো'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);

০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস (প্রেস বিজ্ঞপ্তিটি পবিস এর ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);

০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা;

০৫। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন) বাপবিবো, ঢাকা।